

১১

০১/০৬/১৩

ইলাকবাব

তারিখ: 14 JUN 2013  
পৃষ্ঠা: ২

## চল্লিশ হাজার পঞ্চাশতিকে অর্থের বিনিময়ে শিক্ষা কার্যক্রমে ফিরিয়ে আনার প্রকল্প গ্রহণ করা হয়েছে প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি

স্টাফ রিপোর্টার : মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এম.পি বলেছেন, পর্যায়ক্রমে দেশের ৪০ হাজার পঞ্চাশতিকে অর্থ প্রদানের বিনিময়ে দ্বি-বছরিক শিক্ষা কার্যক্রমে ফিরিয়ে আনার বিষয়ে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় প্রকল্প গ্রহণ করেছে। তিনি বলেন, পঞ্চাশতিকা সারাদিন বিভিন্ন বুকিং-পূর্ণ কাজ করে যে পরিমাণ টাকা আয় করে তার একটা গড় পরিমাণ করে ওই শিশুর পরিবারকে সেই পরিমাণ টাকা প্রদান করা হয় এবং বর্তমানে এই শিশু নিয়মিত শিক্ষা কার্যক্রমে ফিরে আসবে। আর শিশুদের শিক্ষা কার্যক্রম মনিটর করে মন্ত্রণালয়ে নিয়ুক্ত সমাজ কর্মীরা। গতকাল বুধসন্ধ্যার রাজধানীর মিরপুরের পল্লবী কমিউনিটি

সেন্টারে ৫শ' বহু শিশুর মাঝে প্রত্যেককে ১২ হাজার টাকার চেক প্রদানের সময় এ কথা বলেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের এনাবলিং এনডায়জমেন্ট কর চাইক রাইট (ইইসিআর) প্রকল্পের অধিনে বর্তমানে দেশের ২০টি জেলার ৮ হাজার বহু শিশুর পরিবারকে প্রতিমাসে ২ হাজার টাকা করে প্রদান করা হচ্ছে এবং বিনিময়ে তাদের শিশুরা নিয়মিত পড়াশোনা করছে। এই সংখ্যা পর্যায়ক্রমে ৪০ হাজারে বৃদ্ধি করা হবে। রাজধানীর মোহাম্মদপুর, তলাশান, পুরাতন ঢাকা, শায়েনাবাদ এলাকায় বর্তমানে এই কার্যক্রম চলাচ্ছে। প্রত্যেক শিশুর মায়ের নামে ব্যাংক একাউন্ট খোলা আছে। এই চেক ওই একাউন্টে জমা দিলে তারা টাকা পেয়ে যাবে।